

World Parkinson's Education Program-এর উদ্দেশ্য হচ্ছে পারকিনসন'স রোগ সম্পর্কে জনগনের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা। এই প্রোগ্রামের সূচনা করেন কানাডিয়ান Neurologist Dr.Abdul Qayyum Rana এবং তিনি বিভিন্ন ভাষায় পারকিনসন'স রোগ সম্পর্কে শিক্ষামূলক তথ্য উদ্ভাবন করেন।

আরো বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইটে ভিজিট করুন।

www.parkinsonseducation.org

This information should not be used as a substitute for the medical care and advice of your physician

Copyright @ 2008

WORLD PARKINSON'S EDUCATION PROGRAM
Copying for the educational purposes is encouraged. It is not permitted to make changes to the written content of this document and author's information.

**A.Q.Rana, MD, FRCPC
Neurologist**

Parkinson's Clinic of Eastern Toronto
2863 Ellesmere Rd, Suite 404
Scarborough, Ontario, M1E 5E9, Canada
Phone: 416-724-9850

www.parkinsonseducation.org

Frequently Asked Questions About

Parkinson's Disease (PD) & Drooling

পারকিনসন'স রোগ (PD)
ও
মুখে লালা

World Parkinson's Education Program



PARKINSON'S

**Dr.Abdul Qayyum Rana, MD, FRCPC
Neurologist
Toronto, Canada**

Bengali/ বাংলা

9 ৯

*"Those who fight Parkinson's with
knowledge always find solutions"*
- Dr. Rana

পারকিনসন'স রোগ কিভাবে মুখে লালা তৈরী করে?

এই রোগে আক্রান্ত হলে শরীরের মাংসপেশীর গতিশীলতা কমে যায়। মুখ, গলা ও জিহবার মাংসপেশী গুলিও আক্রান্ত হয়- তাই গিলতে সমস্যা তৈরী করে যাহা মুখে মাত্রাতিরিক্ত লালা তৈরী করে।

তাছাড়া এই রোগে আক্রান্ত হলে শরীরের ভারসাম্যতার ব্যাঘাত ঘটে আর তাই মাথা সামনের দিকে হলে পড়ে- তাতে মুখে মাত্রাতিরিক্ত লালা জমা হয়। প্রায় ৭৫% রোগীর মুখে লালা জমতে দেখা যায়। শুরুতে লালা সাধারণত রাতে পরিলক্ষিত হয়, ধীরে ধীরে দিনেও এই সমস্যা দেখা দেয়। অতিরিক্ত লালা জমা হলে তা ফুসফুসে গিয়ে নিউমোনিয়া (Pneumonia) ঘটতে পারে।

কি ধরনের ঔষধ মুখে লালা প্রতিরোধে কাজ করে?

এই ধরনের সমস্যার জন্য বিভিন্ন ঔষধ ব্যবহার করা যেতে পারে। পারকিনসন'স রোগের ঔষধের মাত্রা কমিয়ে বাড়িয়েও মুখের লালা সমস্যা সমাধান করা যেতে পারে- যা ডাক্তারের উপর নির্ভর করে। অধিকাংশ ঔষধ লালা কমিয়ে দেয়। ডাক্তারের পরামর্শ মতে- নিম্নে উল্লেখিত ঔষধগুলি মুখে লালা নিরাময়ে সহায়ক :

- ১। Amitryptlaine ইহা এক প্রকার Antidepressant কিন্তু মুখ শুকনা রাখতে সাহায্য করে- যা হচ্ছে এই ঔষধের পার্শ্বক্রিয়া।
- ২। Trihexyphenydidil
- ৩। Atropine ২-৩ ফোটা দিনে
- ৪। Scopolamine
- ৫। Botulinum toxin injections

মনে রাখবেন উপরোক্ত ঔষধগুলির কিছু পার্শ্ব প্রতিক্রিয়া আছে।

Botulinum টকসিন কি? এবং কিভাবে মুখে লালা নিবারনে সহায়ক ?

Botulinum toxin এক প্রকার নিউরোটকসিন, কিন্তু যখন খুব সামান্য মাত্রায় ব্যবহার করা হয় ইহা মুখের লালা নিবারনে সাহায্য করে। এই টকসিন লালা সৃষ্টিকারী গ্রন্থীতে (Salivary glands) ইনজেক্ট করা হয়। এই টকসিন লালা গ্রন্থীকে লালা সৃষ্টি করা থেকে বিরত রাখে ফলে মুখে লালা সৃষ্টি হয় না। বেশীরভাগ লালাসৃষ্টিকারী গ্রন্থি হচ্ছে ২ (দুই) প্রকার :

1. Parotid glands
2. Submandibular glands

ইহা সবচেয়ে বেশী লালা তৈরী করে।

চিকিৎসা খুবই ফলপ্রসূ হয় যখন উভয় প্রকার লালা গ্রন্থীতে টকসিন ইনজেক্ট করা হয়। চিকিৎসা অনেকটা লালার মাত্রার উপর নির্ভর করে। যখন লালার মাত্রা খুব কম-তখন এই টকসিন পদ্ধতি চিকিৎসা খুব ফলপ্রসূ হয়। কিন্তু লালার মাত্রা খুব বেশী হয়ে গেলে এই পদ্ধতির চিকিৎসার খুব একটা ভাল ফল পাওয়া যায় না। এই টকসিন পদ্ধতির চিকিৎসা- অস্থায়ী এবং কার্য ক্ষমতা ৩-৪ মাস পর্যন্ত থাকে- এর পরে আবার নুতন করে চিকিৎসা নিতে হয়। এই টকসিন পদ্ধতির চিকিৎসার কিছু পার্শ্ব প্রতিক্রিয়া আছে- অতিরিক্ত শুকনা মুখ, গিলতে সমস্যা, ইনজেকশনের জায়গায় ব্যাথা। মুখে লালা দীর্ঘ সময় ধরে কমে গেলে আবার দাঁতে এক প্রকার বিশেষ রোগের সমস্যা হয় যা dental caries নামে পরিচিত। সেজন্য রীতিমত দাঁতের ডাক্তারের (Dentist) সাথে যোগাযোগ রাখতে হবে। এই পদ্ধতির চিকিৎসার পার্শ্ব প্রতিক্রিয়া কমানোর জন্য কিছু নিয়ম মানতে হবে :

- টকসিন চিকিৎসা অল্পমাত্রায় শুরু করতে হবে।
- এই টকসিন একমাত্র Parotid glands —এ

ব্যবহার করতে হবে, কারণ এই প্রকার লালাগ্রন্থী কম লালা তৈরী করে যাহা অন্য লালাগ্রন্থী Submandibular থেকে কম।

- অল্প মাত্রার টকসিন ব্যবহারে যদি লালা না কমে তাহলে অধিক মাত্রার টকসিন ব্যবহার করা যাবে। কোন প্রকার ঔষধ পদ্ধতি কাজ না করলে Surgery প্রয়োজন হতে পারে।

কিছু উপদেশ যাহা মুখে লালা নিরাময়ে সাহায্য করবে :

- যখন মুখে লালা জমবে- গিলে ফেলতে মনে রাখবেন।
- গাম চাবানো (gum chewing) লালাকে গিলতে সাহায্য করে।
- আপনি আপনার শরীরের অবস্থান (posture straight) সোজা ঠিক রাখবেন যাতে মাথা সামনের দিকে হলে না থাকে।
- খাওয়া ও কথা বলা ছাড়া সব সময়ই ঠোঁট (lips) যত সম্ভব বন্ধ রাখবেন।
- চিনিযুক্ত খাবার খাবেন না- কারণ এই প্রকার খাবার অতিরিক্ত লালা তৈরী করে।
- হাতে রুমাল রাখা প্রয়োজন।